রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১০ খ্রিস্টাব্দ

এস,আর, ও ২৭০-আইন/আয়কর/২০১০।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ০২ মাঘ, ১৪১৫ বঙ্গাব্দ/১৫ জানুয়ারি, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এসআরও নং ০৮-আইন/২০০৯ রহিতক্রমে নিম্বর্ণিত তফসিল-খ তে উল্লিখিত কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে, নিম্বর্ণিত তফসিল-ক তে উল্লিখিত উল্লিখিত শর্তাবলী সাপেক্ষে, কোন কোম্পানীকে তৎকর্তৃক বিনিয়োজিত প্রকৃত অর্থের বা খরচের ১০% হারে আয়কর রেয়াত প্রদান করিল, যথা ঃ—

তফসিল-ক

(আয়কর রেয়াতের শর্তাবলী)

(১) যে সকল কোম্পানী কর্পোরেট প্রতিষ্ঠান হিসাবে সামাজিক দায়িত্ব পালনের মাধ্যমে কর রেয়াত গ্রহণ করিতে আগ্রহী বা উৎসাহী হইবে, সেই সকল প্রতিষ্ঠান—

(ক) এ কর্মরত কর্মকর্তা-কর্মচারীদেরকে নিয়মিত বেতন–ভাতা পরিশোধ করিতে হইবে এবং উক্ত প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কল-কারখানায় বিশেষতঃ শিল্পজাত পণ্য উৎপাদন করা হইলে বর্জ্য ব্যবস্থাপনা প্লান্ট (waste treatment plant) এর ব্যবস্থা থাকিতে হইবে;

(খ) কর্তৃক নিয়মিতভাবে আয়কর, ভ্যাট ও শুল্ক এবং প্রাতিষ্ঠানিক ঋণ পরিশোধ করিতে হইবে;

মূল্য ঃ টাকা ২.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

S.R.O. No. 270/2010 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(গ) কেবল সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠানকে CSR এর আওতায় অনুদান/অর্থ প্রদান করিতে পারিবে; এবং

(ঘ) শ্রম আইনের বিদ্যমান সকল বিধান পরিপালন করিবে।

(২) কোন কর্পোরেট প্রতিষ্ঠান কর্তৃক সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে ব্যয়িত অর্থ বা খরচকে উহার উৎপাদন হিসাব, বাণিজ্যিক হিসাব অথবা লাভ-ক্ষতি হিসাবে অনুমোদনযোগ্য খরচ মর্মে বিবেচনা করা যাইবে না।

(৩) কোন কর্পোরেট প্রতিষ্ঠান কর্তৃক সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রে দাবীকৃত অর্থ প্রকৃতপক্ষে খরচ হইয়াছে কিনা তৎসম্পর্কে সংশ্লিষ্ট উপ-কর কমিশনার এর নিকট প্রয়োজনীয় তথ্য প্রমাণাদি দাখিল করিতে হইবে।

(৪) কোন কর্পোরেট প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত CSR কর্ম পরিকল্পনা জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করতঃ এতদ্‌সংশ্লিষ্ট আয়কর রেয়াত সনদ গ্রহণ করিতে হইবে।

তফসিল-খ

(কর্পোরেট সামাজিক দায়িত্ব পালনের ক্ষেত্রসমূহ)

(১) বিশুদ্ধ পানি ব্যবস্থাপনা কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(২) বনায়ন কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৩) নগরীর শোভা/সৌন্দর্য বর্ধন কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৪) বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৫) প্রাকৃতিক দুর্যোগ যেমন-ঘূর্ণিঝড়, ভূমিকম্প, জলোচ্ছ্বাস, প্লাবন এর ফলে ক্ষতিগ্রস্ত এলাকার জন দুর্ভোগ লাঘবের উদ্দেশ্যে সরকারী কোন প্রতিষ্ঠানের মাধ্যমে প্রদত্ত অনুদান;

(৬) বৃদ্ধ নিবাস (old home) প্রতিষ্ঠা ও পরিচালনা কার্যক্রমে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(৭) মানসিক বা শারীরিক প্রতিবন্ধীদের কল্যাণে নিয়োজিত কোন সামাজিক সংস্থাকে প্রদত্ত অনুদান;

(৮) ছিন্নমূল শিশুদের শিক্ষার উদ্দেশ্যে পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানকে প্রদত্ত অনুদান;

(৯) বস্তিবাসীদের আবাসন প্রকল্পে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১০) নারী অধিকার ও যৌতুক বিরোধী প্রচারণায় নিয়োজিত সামাজিক প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১১) এতীম/ছিন্নমূল শিশুদের ভরণপোষণ ও পুনর্বাসনে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

Md Sajid Hossain Shimanto smartaccountantbd.com

(১২) মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা, মুক্তিযুদ্ধের চেতনা পুনরুদ্ধার ও প্রসারে নিয়োজিত এবং মুক্তিযোদ্ধাদের সম্মানজনক জীবনধারণে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৩) পার্বত্য চট্টগ্রাম, চরাঞ্চল, নদীভাঙ্গন এলাকায় স্বাস্থ্যসম্মত পয়ঃনিস্কাশন কাজে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৪) ঠোঁট কাটা, ছানি পড়া, ক্যান্সার, কুষ্ঠ রোগ নিরাময়ে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৫) এসিড আক্রান্তদের চিকিৎসা সেবায় নিয়োজিত ব্যক্তি/প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(১৬) গরীব রোগীদের বিনামূল্যে চিকিৎসা সুবিধা প্রদান ও চিকিৎসার মান উন্নয়নের জন্য বিশেষায়িত হাসপাতাল যেমন- ক্যান্সার, লিভার, কিডনী, থ্যালাসেমিয়া, চক্ষু ও কার্ডিও, এ প্রদত্ত অনুদান;

(১৭) জনসংখ্যা সমস্যা সমাধানার্থে জন্মনিয়ন্ত্রণ সামগ্রী ব্যবহারকারী পর্যায়ে বিনামূল্যে বিতরণকারী প্রতিষ্ঠানে এবং স্বেচ্ছা বন্ধ্যাকরণ ক্যাম্প পরিচালনায় প্রদত্ত অনুদান;

(১৮) পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রদত্ত অনুদান;

(১৯) মেধাসম্পন্ন দরিদ্র ছাত্র-ছাত্রীদের কারিগরি ও বৃত্তিমূলক (technical & vocational) শিক্ষা প্রসারের উদ্দেশ্যে সরকার কর্তৃক স্বীকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(২০) কম্পিউটার বা তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ প্রদানার্থে ল্যাব স্থাপন বা ইংরেজি শিক্ষা কর্মসূচী বাস্তবায়নে সরকারী বা এমপিওভুক্ত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান;

(২১) জনশক্তি রপ্তানীর জন্য অদক্ষ ও আধা-দক্ষ শ্রমিককে কারিগরী ও vocational training প্রদানকারী প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান; এবং

(২২) জাতীয় পর্যায়ে খেলাধুলার অবকাঠামো উন্নয়ন বা প্রশিক্ষণ প্রদানে নিয়োজিত প্রতিষ্ঠানে প্রদত্ত অনুদান।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আমিনুর রহমান
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com